

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৬০

১৩. কিতাবুল হজ্ব (کتاب الحج)

পরিচ্ছেদঃ মুহরিম ব্যক্তির জন্য ইহরাম বাঁধার পরেও (আগে ব্যবহৃত) সুগন্ধির চিহ্ন বিদ্যমান থাকা বৈধ

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُحْرِمَ مُبَاحٌ لَهُ أَنْ يَبْقَى عَلَيْهِ أَثَرُ طِيبِهِ بَعْدَ إِحْرَامِهِ

আরবী

3760 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا زَكَرِيَّا بْنُ يَحْيَى ـ زَحْمَوَيْهِ ـ الْوَاسِطِيُّ قَالَ: حَدَّثَنَا شَرِيكٌ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ الْأَسْوَدِ: عَنْ عَائِشَةَ قَالَتْ: طَيَّبْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم عِنْدَ إِحْرَامِهِ فَرَأَيْتُ الطِّيبَ فِي مفرق رأسه بعد ثلاث وهو محرم. الراوي : عَائِشَة ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3760 ا خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

৩৭৬০. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "ইহরাম বাঁধার সময় আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সুগন্ধি দিয়ে দিয়েছি। অতঃপর তিন দিন পর ইহরাম অবস্থায় তাঁর মাথার সিঁথিতে মিশক দেখতে পেয়েছি।"[1]

ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/৩২৮; মুসনাদ ইমাম শাফেঈ: ১/২৯৭; সহীহুল বুখারী: ১৫৩৯; সহীহু মুসলিম: ১১৮৯; আবূ দাউদ: ১৭৪৫; তাহাবী: ২/১৩০; সুনান বাইহাকী: ৫/৩৪; বাগাবী: ১৮৬৩; দারেমী: ২/৩৩; হুমাইদী: ২১০; মুসনাদ আহমাদ: ৬/৩৯; আবূ ইয়ালা: ৪৭১২; নাসাঈ: ৫/১৩৭-১৩৮; সহীহু ইবনু খুয়াইমাহ: ২৫৮০; ইবনুল জারূদ: ৪১৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৫৩২)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন